



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৭০.১৮.০০২.২০.৮৮৩

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮
০৭ সেপ্টেম্বর ২০২১

প্রজ্ঞাপন

বাংলাদেশ গেজেটের ৩১ আগস্ট, ২০২১ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত এস, আর, ও নং-২৮৮-আইন/২০২১।-নং প্রজ্ঞাপনমূলে সিলেট জেলাধীন সিলেট সদর উপজেলার ৪ (চার)টি ইউনিয়ন এবং দক্ষিণ সুরমা উপজেলার ৩ (তিন)টি ইউনিয়নের কয়েকটি মৌজা সিলেট সিটি কর্পোরেশনের সাথে অন্তর্ভুক্ত করে সিলেট সিটি কর্পোরেশনকে সম্প্রসারণ করা হয়েছে। আগামী ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ২৯ ও ৩০ ধারা মোতাবেক উক্ত নতুন এলাকাসমূহকে সিলেট সিটি কর্পোরেশনের ওয়ার্ড ভিত্তিক পুনর্বিন্যাস করে ওয়ার্ড ভিত্তিক সীমানা নির্ধারণের জন্য একই আইনের ২৮ ধারার বিধানমতে নিম্নরূপ সীমানা নির্ধারণ কর্মকর্তা ও সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা হিসেবে নিয়োগ করা হ'লঃ

(১) জেলা প্রশাসক, সিলেট

-সীমানা নির্ধারণ কর্মকর্তা

(২) উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

-সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা

(৩) প্রধান সম্পত্তি কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট

-সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

নুমেরী জামান

উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৩৬২৫

ই-মেইল: lgcc1@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৭০.১৮.০০২.২০.৮৮৩/১(১১)

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮
০৭ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
৫. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. জেলা প্রশাসক, সিলেট [স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ২৯ ও ৩০ ধারা মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল]।
৭. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
৮. প্রধান সম্পত্তি কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
৯. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বর্ণিত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
১০. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (গেজেটটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

নুমেরী জামান

উপসচিব